ইত্তেফাক

তারিখ ... ১৭।৭।৭৪ ...
পৃষ্ঠা ... ৩ কলাম ৫ ...

177

## নিরক্ষরতার অভিশাপ দূর করার আহ্বান

ফরিদপুর, ১৭ই সেপ্টেম্বর (বাসস)—সমাজ হইতে নিরক্ষরতার অভিশাপ দূর করার উদ্দেশ্য সমন্বিত প্রচেষ্টার জন্য ভাইস প্রেসিডেণ্ট বিচারপতি জনাব সাত্তার আজ লায়নদের প্রতি আহ্বান জানান।

ভাইস প্রেসিডেণ্ট বলেন: নিরক্ষরতা মারাত্মক অভিশাপ। ইহা জাতির জীবনীশক্তিকে ক্ষয় করিতেছে। তাই যত শীঘ্র এই অভিশাপ হইতে মুক্ত হওয়া যায় ততই মঙ্গল।

কবি জসিম উদ্দিন হলে তিনি ফরিদপুর লায়ন্স ক্লাবের নব নির্বাচিত ডিরেক্টর বোর্ডের অভিষেক অনুষ্ঠানে ভাষণ দিতেছিলেন।

ভাইস প্রেসিডেণ্ট পূর্বাহ্নে ফরিদপুর বার সমিতির সদস্যদের এক সমাবেশেও বক্তৃতা করেন।

বিচারপতি জনাব সাত্তার বলেন যে, বাংলাদেশের অধিকাংশ মানুষই গ্রামে বাস করে। তাই সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ড গ্রামেই শুরু করিতে হইবে। তিনি লায়ন্স ক্লাবের সমাজ সেবারও প্রশংসা করেন।